গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ-১ শাখা
www.moef.gov.bd

স্মারক নং ২২.০০.০০০০.০৭৫.২২.০০১.২০১৯ (অংশ-১).২৮৪

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩১ / ২০ আগস্ট ২০২৫

**বিষয়: বায়ুদূষণ রোধে নির্মাণ সামগ্রীর উন্মুক্তভাবে না রাখার বিষয়ে নির্দেশনা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে দেশে বায়ুদূষণ অন্যতম একটি পরিবেশগত সমস্যা। মূলতঃ শুষ্ক মৌসুমে ঢাকাসহ দেশের বায়ুদূষণের মাত্রা বৃদ্ধি পায়। সকল ধরনের অবকাঠামো নির্মাণের ফলে সৃষ্ট ধূলাবালি, কাঠ, কয়লা, গাছের লতাপাতা, ফসলের অবশিষ্টাংশ পোড়ানো, ময়লা আবর্জনা ও পৌরবর্জ্য পোড়ানোসহ বিভিন্ন উৎস থেকে বায়ুদূষণের সৃষ্টি হয়।

২। বায়ুদূষণ রোধকল্পে বায়ুদূষণকারী বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান ও অন্যান্য উৎস হতে সৃষ্ট দূষণের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনাসহ কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ইতোমধ্যে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। সে আলোকে গঠিত কমিটি কর্তৃক ঢাকা শহরের বায়ুদূষণ রোধ ও হ্রাস করার জন্য প্রণীত নির্দেশিকা (Guideline) ও বায়ুদূষণ নিয়ন্ত্রণে কার্যক্রমসমূহ চিহ্নিত করে তা বাস্তবায়নের লক্ষ্যে বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ জারি করা হয়েছে।

৩। "বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২"-এর বিধি-১১ তে নির্মাণ, সংস্কার ও মেরামত কার্যক্রম পরিচালনাকারী সংস্থা, প্রতিষ্ঠান বা ব্যক্তির কার্যাবলি বিস্তারিত উল্লেখ রয়েছে, যা নিম্নরূপ:

(ক) নির্মাণ স্থলে যথাযথ অস্থায়ী ছাউনি বা বেষ্টনী স্থাপনসহ নির্মাণাধীন ভবন আচ্ছাদিত রাখা;

(খ) সকল প্রকার নির্মাণ সামগ্রী (মাটি, বালি, রড, সিমেন্ট, ইত্যাদি) আবৃত বা ঢাকিয়া রাখা;

(গ) নির্মাণ সামগ্রী (মাটি, বালি, সিমেন্ট, ইট, ময়লা-আবর্জনা, ইত্যাদি) পরিবহণে ব্যবহৃত ট্রাক, ভ্যান বা লরির আবৃত বা সম্পূর্ণরূপে ঢাকিয়া পরিবহণের ব্যবস্থা করা;

(ঘ) মাটি, বালি, সিমেন্ট, ইট, ময়লা-আবর্জনা, ইত্যাদি পরিবহণ ও নির্মাণ কাজে ব্যবহৃত ট্রাক, ভ্যান বা লরি চাকার কাদা-মাটি বা ময়লা-আবর্জনা সম্পূর্ণরূপে পরিষ্কার করিয়া রাস্তায় চলাচলের ব্যবস্থা করা;

(ঙ) নির্মাণ সামগ্রী (মাটি, বালি, সিমেন্ট, ইত্যাদি) রাস্তায়, ফুটপাতে বা যত্রতত্র ফেলিয়া রাখা যাইবে না এবং নির্মাণ কাজে সৃষ্ট বর্জ্য খোলা অবস্থায় সংরক্ষণ বা পোড়ানো যাইবে না;

(চ) নির্মাণ, পুনঃনির্মাণ বা মেরামত স্থলের আশেপাশে দিনে অন্তত ২ (দুই) বার পানি ছিটানো বা ধূলাবালি নিয়ন্ত্রণকারী কেমিক্যাল ছিটানো।

৪। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে রিয়েল এস্টেট প্রতিষ্ঠানসমূহের চলমান নির্মাণ কাজে উন্মুক্তভাবে নির্মাণ সামগ্রী রাস্তার পাশে রাখার প্রবণতা দেখা যাচ্ছে, যা নগরীর বায়ুদূষণের অন্যতম কারণ হিসেবে বিবেচিত হচ্ছে। এই পরিস্থিতি জনস্বাস্থ্য, পথচারীদের নিরাপত্তা এবং পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। পরিবেশ রক্ষা ও বায়ুদূষণ রোধকল্পে রিহ্যাবের প্রতিটি সদস্য প্রতিষ্ঠানকে বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ প্রতিপালন করা একান্ত প্রয়োজন।

৫। বর্ণিতাবস্থায়, উন্মুক্তভাবে যেন নির্মাণসামগ্রী রাখা না হয় সে বিষয়ে সংগঠনের সদস্য প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**জনস্বার্থে বিষয়টি অতীব জরুরী।**

২০.০৮.২০২৫
(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব
ফোন নং- ৫৫১০০২৬০
ই-মেইল: envpc1@moef.gov.bd

সভাপতি
রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ
ন্যাশনাল প্লাজা, ১/জি ফ্রি স্কুল স্ট্রিট, সোনারগাঁও রোড, ঢাকা।

<u>সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ/কউক/গাউক
৩. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪. উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৫. ... পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।